

9425

## B.A. 3rd Semester (General) Examination, 2022 (CBCS)

AC

বিষয় : বাংলা

Course : SEC-1

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- (ক) সন্ধি বিচ্ছেদ করো : পরীক্ষা, কথোপকথন  
 (খ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো : চুনকালি, তেমাথা  
 (গ) নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো : জাগিছে জননী বিপুল নীড়ে।  
 (ঘ) সন্ধি করো : বিদ্যা + আলায়, ইতি + আদি  
 (ঙ) সমাপিকা ক্রিয়া কাকে বলে? একটি উদাহরণ দাও।  
 (চ) অপাদান কারক কাকে বলে? একটি উদাহরণ দাও।  
 (ছ) জটিল বাক্য কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।  
 (জ) বিসর্গসন্ধি কাকে বলে? উদাহরণ দিয়ে বোঝাও।

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

(ক) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো (যে কোনো পাঁচটি) :

১×৫=৫

- (অ) পরমহংসদেব টাকাকে মাটি মনে করতেন।  
 (আ) বেলা যে পড়ে এল জলকে চল।  
 (ই) নীল আকাশে কে ভাসালে সাদা মেঘের ভেলা।  
 (ঈ) বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা।  
 (উ) এ কলমে ভালো লেখা হয়।  
 (ঊ) মুক্তবেণী পিঠের পরে লোটে।

(খ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো (যে কোনো পাঁচটি) :

১×৫=৫

- (অ) বিদ্যাহীন ব্যক্তির জীবন বৃথা। (জটিল বাক্যে)  
 (আ) তিনি বহুকাল গৃহ থেকে দূরে ছিলেন। (নঞর্থক বাক্যে)  
 (ই) তিনি সত্যের পূজারি, তাই জগতে সমাদৃত। (সরল বাক্যে)  
 (ঈ) এই শ্রম নিরর্থক হবে না। (অস্ত্যর্থক বাক্যে)  
 (উ) দৃশ্যটি খুবই সুন্দর। (বিস্ময়বোধক বাক্যে)  
 (ঊ) অনেক অনুরোধ করেও তাকে খাওয়াতে পারলাম না। (যৌগিক বাক্যে)

(গ) সমাস কাকে বলে? সমাস কয়প্রকার ও কী কী? উদাহরণসহযোগে যে কোনো দুই প্রকার সমাস বিশ্লেষণ করো।

৫

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (যে কোনো পাঁচটি) :

১×৫=৫

জলচর, বিমাতা, দশানন, বেহায়া, শতাব্দী, ভালোমন্দ

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) গঠনগত দিক থেকে বাক্য কয়প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা করো।

(খ) বিশেষ্য কাকে বলে? বিশেষ্য কয়প্রকার ও কী কী? উদাহরণসহ বিশেষ্যের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো।

(গ) স্বরসন্ধি কাকে বলে? উদাহরণ সহযোগে স্বরসন্ধির যে কোনো চারটি সূত্র বিশ্লেষণ করো।

(ঘ) বাচ্য কাকে বলে? বাচ্য কয়প্রকার ও কী কী? উদাহরণ সহযোগে বাচ্যের প্রকারভেদ বুঝিয়ে দাও।